07051

1-02546

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

024893

GR 2083 (19)

25.6.07

missible under rule 21 and also
... W. B. L. R.
... Stamped Exempt.
... 1535 only Stamped does not require Stamp duty
under the Indian Stamp Act.
1989. Scheduly I.A. No.............
Fees Paid...............

(1) 15846491. 16-8-07 Rs. 6010/-
(2) 15846391. 16-8-07 Rs. 6500/-

Mita Mukherjee

Indrani Chakraborty

20 MAR 2009

।। মং ৩,৫০,০০০ তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা পণে
সাফ বিক্রয় কোবালা ।।

****************************************************************

ক্রেতা ::-

শ্রী দয়াল ঘোষ , পিতা - স্বর্গীয় নন্দলাল ঘোষ , পেশা - ব্যবসা , জাতি - হিন্দু , (ভারতীয় নাগরিক) , সাং - রেকজয়ানী , ঘোষ পাড়া , থানা - রাজারহাট , জেলা - উত্তর ২৪ পরগণা ।

Indrani Chakraborty

বিক্রেতা

বিক্রেতা ::-

১) শ্রীমতী মিতা মুখাজ্জী , স্বামী - স্বর্গীয় সত্য কিঙ্কর মুখাজ্জী , ২) শ্রীমতী ইন্দ্রানী চক্রবর্ত্তী , স্বামী - শ্রী স্বরূপ চক্রবর্ত্তী , উভয়ের পেশা - গৃহস্থালী , জাতি - হিন্দু , (ভারতীয় নাগরিক) , সাং- জেইট/এফ/৫/২ শ্যামলী এ্যাপার্টমেন্ট , অশ্বিনীনগর , বাগুইআটি , থানা - রাজারহাট , কলকাতা - ৭০০০৫৯ ।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ::-

জেলা - উত্তর ২৪ পরগণা , থানা - রাজারহাট অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রী অফিস বিধাননগর (সল্টলেক সিটি) এলাকাধীন কলকাতা পরগণাস্থিত রাজারহাট বিষ্ণুপুর ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ২৯৯৮ নং তৌজি ভুক্ত মৌজা - ভাতেন্ডা গ্রামে হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল ১৭৩ নং খতিয়ানের হাল ২১৭ , ২১৫ ও ~~২১৪ নং দাগস্থিত জমি সহ~~ আরও অন্যান্য দাগের জমি জিতেন্দ্র নাথ গুহ, অর্থাৎ [illegible] শ্রী সমীর গুহ মহাশয়ের খরিদা স্বত্বদখলীয় সম্পত্তি থাকে । এবং উক্ত মৌজার হাল ৩০৪ নং খতিয়ানের হাল ২২৯ নং দাগে ও ১৯৬ নং খতিয়ানে ২৩০ নং দাগের জমি সহ অন্যান্য জমি জিতেন্দ্র নাথ গুহ মহাশয় নিজ অর্থে

স্বার্থে

Mita Mukherjee
Indrani Chakraborty



স্বার্থে জনৈক সৌরেন্দ্র নাথ বসু মহাশয়ের বেনামে খরিদ করিয়া ভোগদখলকার থাকাকালে হাল জরীপে নিজ নাম রেকর্ড ভুক্ত করেন । তৎপর শ্রী সমীর গুহ মহাশয়ের পিতা - তাহার বেনামী জমি উক্ত সৌরেন্দ্র নাথ বসু মহাশয়ের নিকট হইতে স্বনাম করিবার জন্য বিগত ইংরাজী ২১/৬/১৯৫৪ তারিখে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৩৪৯৯ নং নাদাবী দলিল সম্পাদন করিয়া লয়েন । তৎপরে শ্রী সমীর গুহ মহাশয় পাঁচ পুত্র , তিন কন্যা ও একমাত্র স্ত্রীকে ওয়ারেশ উত্তরাধিকারী বর্তমান রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত সমীর গুহ ভ্রাতা ভগ্নি দিগের হিন্দু আইনানুসারে দায় ভাগ বিধি বিধান অনুসারে পিতার ত্যাক্ত যাবতীয় সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগদখলিকার থাকাকালে তাহাদের মাতা বিগত ইংরাজী ১৯৭৭ সালে পরলোক গমন করেন । অতঃপর মাতার পরলোকান্তে সমীর গুহর প্রথম ভ্রাতা ও তিন ভগ্নি পিতার ত্যাক্ত সম্পত্তির উত্তরাধিকারী থাকিয়া কে . বি . জরীপে নিজ নিজ নাম পত্তণ করেন। এমতবস্থায় তাহাদের এক ভ্রাতা শিশির কুমার গুহ অবিবাহিত অবস্থায় পরলোক গমন করেন । তৎপর উক্ত ব্যক্তি ও অপর জীবিত ভ্রাতা ভগ্নি দিগর মৃত ভ্রাতার অংশীদার বিবেচিত হইয়া সকল ভ্রাতা ভগ্নি দিগর এক যোগে একত্রিত হইয়া বিগত ইংরাজী ১০/৭/১৯৮৭ তারিখে বিধাননগর অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৭৭ নং ভ্যলুমের ১০৫ হইতে ১২৪ নং পাতায় লিখিত ৩৭৮৯ নং আপোষ বন্টন নামা দলিল সম্পাদন করিয়া লইয়া সমীর গুহ মহাশয়ের নিজ অংশে বন্টন নামার

‘গ’ তপশীলে

Mita Mukherjee
Indrani Chakraborty



'গ' তপশীলে বর্ণিত হাল ১৭৩ নং খতিয়ানে হাল ২১৭ নং দাগে .৩৫ শতক জমি নির্দ্দিষ্ট ও চিহ্নীত করিয়া লইয়া উহার মধ্যে বিক্রয় করা বাদে অবশিষ্ট জমির খাসে মালিক দখলিকার থাকাকালীন আমরা অত্র দলিলস্থ বিক্রেতা আমি ১ নং বিক্রেতা আমার স্বামী ও ২ নং বিক্রেতা আমার পিতা অধুনা স্বর্গীয় সত্য কিঙ্কর মুখার্জ্জী বিগত ইংরাজী ১০/০২/১৯৯২ তারিখে অত্র বিধাননগর অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ২০ নং ভ্যলুমের ৪৫৭ হইতে ৪৬৪ নং পাতায় নকলকৃত ১১৪৩ নং এককেতা সাফ কোবালা মূলে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি খরিদ করিয়া মালিকের করাদী আদায় পূর্ব্বক নিজ খাসে, করিতে থাকাকালীন আমরা অত্র দলিলস্থ বিক্রেতা দ্বয় ১ নং স্ত্রী বিধায় ও ২ নং বিক্রেতা কন্যা বিধায় ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করিলে তৎত্যাক্ত উক্ত সম্পত্তি স্ত্রী ও কন্যা বিধায় প্রাপ্ত হইয়া এজমালিতে খাসে এযাবৎকাল মালিকের করাদী আদায়ে ভোগদখলকারিনী নিযুক্ত আছি। যাহা দান, বিক্রয়, করিবার আমাদের উত্তম স্বত্ব ও নির্ব্যূঢ় অধিকার বর্তমান আছে।

Indrani Chakraborty

এক্ষণে আমাদের নানা বিধ বৈধ কারন বশত: নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত কমবেশী ৩ - ৭ - ১৬ তিন কাঠা সাত ছটাক ষোল বর্গফুট জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট সমেত জমি আমি বিক্রয় করিবার জন্য ঘোষনা করিলে আপনি ক্রেতা, তাহা জানিয়া উক্ত জমি খরিদের জন্য আমাদের নিকট প্রস্তাব করিলে আমরা আপনার প্রস্তাবে সম্মত হইয়া উক্ত জমির মোট মূল্য ৩,৫০,০০০

তিন

Mita Mukherjee
Indrani Chakraborty



তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকায় আপনাকে বিক্রয় করিয়া উক্ত জমিতে আপনাকে সম্পূর্ণ রূপে খোলসা মনে খাস দখল দিয়া দিলাম । উক্ত জমিতে আমাদের যাহা কিছু হক হকিয়তের স্বত্ব, স্বামিত্ব , দখল অধিকার , দাবী দাওয়া , লাভ লভ্য সংশ্রব ছিল বা আছে তৎসমুদয় অত্র কোবালার বলে আমাদের হইতে রদ ও রহিত হইয়া অদ্য হইতে আপনার অনুকূলে বর্তিল । অদ্য হইতে আপনি আমাদের নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান , ভোগবান ও দখলে দখলকার হইয়া মালিকের নির্দ্ধারিত করাদি আদায়ে , খাজনার দাখিলা গ্রহনে পঞ্চায়েতের ট্যাক্সাদী আদায়ে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তণ করত: দান , বিক্রয়ের মালিক দখলীকার হইয়া পুত্র , পৌত্রাদী , ওয়ারিশানগণ ক্রমে উক্ত জমিতে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । উক্ত জমিতে আমরা বা আমাদের ওয়ারেশান গনক্রমে কেহ কোন প্রকার ওজরাপত্তি ও দাবী দাওয়া করিতে পারিব না বা কেহ পারিবেক না যদি করি কিংবা কেহ করে তাহা অত্র কোবালার বলে সর্ব্বত্র , সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

উক্ত জমি আমরা ইতি পূর্ব্বে অন্য কোন প্রকার দায় সংযোগ বা হস্থান্তর করি নাই বা কাহারও নামে বেনাম করি নাই বা ঋনের দায়ে কোথাও আবদ্ধ রাখি নাই বা বিক্রয় চুক্তিতে কাহারও নিকট হইতে বায়না গ্রহন করি নাই বা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভুক্ত সম্পত্তি নহে , বা সরকার কর্তৃক ভেষ্টেড , এ্যাকুইজিশন বা রিকুইজিশান হয় নাই , সম্পূর্ণ মুক্তাবস্থায় আমাদের খাস দখলে থাকাবস্থায় অত্র কোবালায় আপনার নিকট বিক্রয় করিলাম ।

যদি

Mitali Mukherjee
Indrani Chakraborty



যদি ভবিষ্যতে আমাদের কোন প্রকার গোপন কৃত কার্য্যের দোষে অত্র দলিলের ভুল ত্রুটি প্রকাশ পায় বা আপনার খরিদা স্বত্ত্ব দখল ব্যবহারে কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে বা ক্ষয় ক্ষতি হয় তাহা হইলে আমরা মায় ওয়ারেশান গণ ক্রমে পুনঃরায় ভ্রম সংশোধন দলিল বা নূতন কোবালা দলিল করিয়া দিতে অথবা ক্ষতিপূরন সমেত মূল্যের সম্পূর্ণ টাকা নগদ এককালীন ফেরৎ দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

এতদর্থে দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া ও মূল্যের সম্পূর্ণ টাকা নিম্ন জায় মত বুঝিয়া পাইয়া সুস্থ শরীরে , সরলমনে , স্বেচ্ছায়, অন্যের বিনানুরোধে অত্র দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪১৪ সালের ৩০ শে শ্রাবণ— ইংরাজী ২০০৭ সালের ১৬ই আগষ্ট— ।

## ।। বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয় ।।

জেলা - উত্তর ২৪ পরগণা , থানা - রাজারহাট ও অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রী অফিস বিধাননগর (সল্টলেক সিটি) পরগণা কলকাতাসস্থিত ও রাজারহাট বিষ্ণুপুর নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন ২৯৯৮ নং তৌজি ভুক্ত মৌজা - ভাতেন্ডা গ্রামে জেঃ এলঃ নং ২৮ , রেঃ সাঃ নং ৫০ ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল (আর .এস) ১৭৩ নং খতিয়ানে ভুক্ত ২১ টাকা ১২ আনা জমিজমার অন্তর্গত - - - -

হাল


Indrani Chakraborty

[illegible signature]

OF THE
ANT/
/SELLER/
AIMENT
PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS




LH.

RH.




Mita Mukherjee

ATTESTED :- Mita Mukherjee




LH.

RH.




Indrani Chakraborty

ATTESTED :- Indrani Chakraborty



LH.


RH.



Dayal Ghosh.

ATTESTED :- Dayal Ghosh.

..E PLAN OF LAND R.S DAG NO- 217 R.S KHATIAN NO - 173
..L NO- 28, RS. NO - 50, TOUZE NO- 2998, AT MOUZA- BHA-
ENDA, P.S- RAJAR HAT IN THE DISTRICT OF NORTH 24 P.G.S
SOLD LAND AREA - 3K - 7CH - 16 S.F.T.



Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-02546 of :2009
(Serial No. 07051, 2007)

.007

/ Fees:

in rupees under article : A(1) = 3839/- ,E = 7/- on:16/08/2007

ate of Market Value(WB PUVI rules 1999)

ed that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 519000/

fied that the required stamp duty of this document is Rs 25960 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

ficit stamp duty

eficit stamp duty 1.Rs 6010/- is paid, by the draft number 158464, Draft Date 16/08/2007 Bank Name STATE BANK OF INDIA, Bikash Bhavan G.o.c, received on :16/08/2007. 2.Rs 6500/- is paid, by the draft number 158463, Draft Date 16/08/2007 Bank Name STATE BANK OF INDIA, Bikash Bhavan G.o.c, received on :16/08/2007

Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))

Presented for registration at 13.06 hrs on :16/08/2007 at the Office of the A. D. S. R. BIDHAN NAGAR by Indrani Chakraborty,one of the Executants.

Admission of Execution(Under Section 58)

Execution is admitted on 16/08/2007 by

1. Indrani Chakraborty, wife of Swarup Chakraborty ,Aswininagar Kol-59 ,Thana Baguiati, By caste Hindu,by Profession :House wife
2. Mita Mukherjee, wife of Lt Satya Kinkar Mukherjee ,Aswininagar Kol-59 ,Thana Baguiati, By caste Hindu,by Profession :House wife

Identified By A Sarkar, son of Lt A Sarkar Bhatenda Thana: Rajarhat, by caste Hindu,By Profession ----

Name of the Registering officer :Nurul Amin Khan
Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

On 20/03/2009

Certificate of Admissibility(Rule 43)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number 23 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs 10.00/-

[Abhijit Kumar Das]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-02546 of :2009
(Serial No. 07051, 2007)

p duty

ıp duty Rs 8450/- is paid. by the draft number 003197, Draft Date 20/03/2009 Bank Name STATE BANK OF
ash Bhavan G. O. received on 20/03/2009

ees paid

ımount of Registration fees is realized under Article in rupees : A(1) = 1859/- on: 20/03/2009

Name of the Registering officer :**Abhijit Kumar Das**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Abhijit Kumar Das]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal



2 0 MAR 2009

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 3
Page from 6694 to 6706
being No 02546 for the year 2009.

(Abhijit Kumar Das) 23-March-2009
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal